



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৩০

২০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ  
তারিখ : -----  
০৪ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পুঁজিবাজারে ব্যাংক-কোম্পানীর মোট বিনিয়োগের সীমা প্রসঙ্গে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ধারা ২৬ক এর উপ-ধারা (১) মোতাবেক কোন ব্যাংক-কোম্পানি কর্তৃক অন্যান্য কোম্পানির শেয়ার ধারণের ক্ষেত্রে সামষ্টিক বা এককভাবে কোন কোম্পানির শেয়ার ধারণের সর্বোচ্চ সীমা এবং Consolidated ভিত্তিতে শেয়ার ধারণের সর্বোচ্চ সীমার বিষয়ে স্পষ্টীকরণ করে ইতোমধ্যে ডিওএস সার্কুলার নং-০২/২০১৩ ও ডিওএস সার্কুলার লেটার নং-০৭/২০১৪ জারি করা হয়েছে যা বর্তমানে কার্যকর রয়েছে। এ ক্ষেত্রে, সরকারের সাথে পরামর্শক্রমে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত কোন ব্যাংক-কোম্পানি কর্তৃক Solo ও Consolidated-উভয় ভিত্তিতে শেয়ার ধারণের উর্ধ্বসীমা (Exposure Limit) নির্ধারণে সংশ্লিষ্ট শেয়ার, কর্পোরেট বন্ড, ডিবেঞ্চর, মিউচুয়াল ফান্ড ও অন্যান্য পুঁজিবাজার নিদর্শনপত্রের 'বাজারমূল্য' হিসাবায়নের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবেঃ

“ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ২৬ক এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে ব্যাংক-কোম্পানি কর্তৃক অন্য কোন কোম্পানির শেয়ার ধারণের হিসাবায়নে পুঁজিবাজারে বিনিয়োগের উর্ধ্বসীমা (Exposure Limit) নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ক্রয়কৃত মূল্যকেই 'বাজারমূল্য' হিসেবে বিবেচনা করতে হবে।”

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৪৫ এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ডিওএস সার্কুলার নং-০২/২০১৩ ও ডিওএস সার্কুলার লেটার নং-০৭/২০১৪ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)

পরিচালক (ডিওএস)

ফোন নং : ৯৫৩০৩১৪